আজকের কাগজ

তারিখ 14 AUG 1992
পৃষ্ঠা ২ কলাম ৬

22

# যশোর বোর্ডের এসএসসি পরীক্ষার ফল প্রকাশ

## পাসের হার ৫৮ দশমিক ৭৯

**কাগজ প্রতিবেদক :** গতকাল যশোর শিক্ষা বোর্ডের ১৯৯২ সালে অনুষ্ঠিত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। পাসের হার ৫৮ দশমিক ৭৯ ভাগ সর্বমোট ১ লাখ ৬ হাজার ৪শ' ২৯ জন পরীক্ষার্থীর মধ্যে ১ লাখ ৪ হাজার ৪শ' ৩৯ জন পরীক্ষায় অংশ নেয়। এদের মধ্যে ৬১ হাজার ৪শ' ৮ জন উত্তীর্ণ হয়েছে। প্রথম বিভাগ পেয়েছে ২৬ হাজার ৭৬ জন, দ্বিতীয় বিভাগ পেয়েছে ২৭ হাজার ২শ' ৯১ জন ও তৃতীয় বিভাগ পেয়েছে ৮ হাজার ৪১ জন।

পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্যে ৬৮ হাজার ৯৮১ জন ছাত্র ও ৩৫ হাজার ৪শ' ৫৮ জন ছাত্রী। ছাত্রদের পাসের হার ছিলো ৫৯ দশমিক ৯০ ও ছাত্রীদের পাসের হার ছিলো ৫৬ দশমিক ৬৩ শতাংশ। ছাত্রদের মধ্যে ১৮ হাজার ৫০০শ' ৮০ জন প্রথম বিভাগে, ১৭ হাজার ৬শ' ৪৩ জন দ্বিতীয় বিভাগে ও ৫ হাজার ১শ' ৩ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। ছাত্রী পরীক্ষার্থীদের মধ্যে ৭ হাজার ৪শ' ৯৬ জন প্রথম বিভাগে, ৯ হাজার ৬শ' ৪৮ জন দ্বিতীয় ও ২ হাজার ৯শ' ৩৮ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

সাধারণ বিজ্ঞান বিভাগে সর্বমোট ২৮ হাজার ৫শ' ৬২ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ২২ হাজার ৩শ' ৪৩ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার শতকরা ৭৮ দশমিক ২২। ছাত্রদের মধ্যে ১১ হাজার ১শ' ২৬ জন প্রথম, ৪ হাজার ৭শ' ৭৬ জন দ্বিতীয় ও ১ হাজার ১শ' ১০ জন তৃতীয় বিভাগ পেয়েছে। এই বিভাগে ছাত্রদের পাসের শতকরা হার ৭৯ দশমিক ২৫। ছাত্রীদের মধ্যে ৩ হাজার ২শ' ৮১ জন প্রথম, ১ হাজার ৬শ' ৭১ জন দ্বিতীয় ও ৩শ' ৭৯ জন তৃতীয় বিভাগ পেয়েছে। ছাত্রীদের পাসের শতকরা হার ৭৫ দশমিক ১২।

সমাজ বিজ্ঞান বিভাগে নিয়মিত ও অনিয়মিত মিলে অংশগ্রহণকারী সর্বমোট ৭৫ হাজার ৮শ' ৭৭ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ৩৯ হাজার ৬৫ জন উত্তীর্ণ হয়েছে। পাসের শতকরা হার ৫১ দশমিক ৪৮। ছাত্রদের মধ্যে ৭ হাজার ৪শ' ৫৪ জন প্রথম, ১২ হাজার ৮শ' ৬৭ জন দ্বিতীয় ও ৩ হাজার ৯শ' ৯৩ জন তৃতীয় বিভাগ পেয়েছে। এই বিভাগে ছাত্রদের পাসের হার শতকরা ৫৩ দশমিক ৯৪। ছাত্রীদের মধ্যে ৪ হাজার ২শ' ১৫ জন প্রথম, ৭ হাজার ৯শ' ৭৭ জন দ্বিতীয় ও ২ হাজার ৫শ' ৫৯ জন তৃতীয় বিভাগ পেয়েছে। ছাত্রীদের পাসের শতকরা হার ৫৪ দশমিক ২৭।

সাধারণ বিজ্ঞানসহ সম্মিলিত মেধা তালিকায় ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্র মোহাম্মদ মাহমুদুর রহমান সর্বমোট ৭টি বিষয়ে লেটার মার্কসহ ৯শ' ১৭ নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করেছে।

এবার যশোর বোর্ডের এসএসসি পরীক্ষায় ঝিনাইদহ ক্যাডেট কলেজের অবস্থান সবচেয়ে ভালো। সাধারণ বিজ্ঞানসহ সম্মিলিত মেধা তালিকায় প্রথমস্থানসহ ঝিনাইদহ ক্যাডেট, কলেজের ছাত্ররা ২০টি স্থান অধিকার করেছে। সাধারণ বিজ্ঞানের পরীক্ষার্থীদের মেধা তালিকায় ৯টি স্থান পেয়ে দ্বিতীয় স্থানে রয়েছে বরিশাল ক্যাডেট কলেজ।